'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2024

## CC9-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসটি ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয় ? উপন্যাসটিতে কয়টি পরিচ্ছেদ আছে ?

(খ) কুঁয়াপুর গ্রামের স্কুলের হেড-মাস্টারমশাই-এর নাম কী ? ওই স্কুলের ছাত্র-সংখ্যা কত ? এই স্কুলের সেক্রেটারি কে ছিলেন ?

(গ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের পটভূমি কোথায় ? এই উপন্যাসের প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদের নাম কী ? উপন্যাসে বর্ণিত সময়কাল কোনটি ?

(ঘ) 'তাহার হৃদয়বীণা বাজিয়া উঠিল' — কার সম্পর্কে এই উক্তি ? 'তাহার' হৃদয়বীণা বেজে ওঠার কারণ কী ছিল ?

(ঙ) নিতাই কবিয়ালের গ্রামের নাম কী ? মহাপীঠের অধিষ্ঠাত্রী দেবীর নাম কী ? কোন্ দিন দেবীর পূজা হয় ?

(চ) নিতাইয়ের কৌলিক উপাধি কী ছিল ? খুব সংক্ষেপে নিতাইয়ের বংশ পরিচয়ের বর্ণনা দাও।

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসে রমেশ কোন্ পরিস্থিতিতে রাতের বেলা বাঁধ কেটেছিল ? ঘটনাটির প্রাসঙ্গিকতা কতখানি ?

(খ) 'যাকে ধর্ম বলে, পল্লীগ্রাম থেকে সেটা একেবারে লোপ পেয়েছে' — কে, কাকে এই কথা বলেছেন ? কী প্রসঙ্গে এই উক্তি বলা হয়েছে ?

(গ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের ঐতিহাসিক পটভূমিকার পরিচয় দাও।

(ঘ) কপালকুণ্ডলা ও শ্যামাসুন্দরীর সম্পর্ক কীরকম ছিল ? কপালকুণ্ডলার জীবনে শ্যামাসুন্দরীর ভূমিকা কী ছিল ?

(ঙ) 'কবি' উপন্যাসে রাজন চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

(চ) এ চরিত্র আমাদের সমালোচনা বুদ্ধিকেও স্তম্ভিত করে — সে ঐ ঝুমুর দলের কর্ত্রী, তাহার নাম 'মাসি'।— চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

৩। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'রমা ও রমেশের সম্পর্ক শুধু সমাজের রীতিনীতি, বিধিনিষেধের জন্যই ব্যাহত হয়নি বিষয়বুদ্ধিও তাকে জটিল করে তুলেছে' — মন্তব্যটির সার্থকতা বিচার করো।

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে অলৌকিক ও অতিপ্রাকৃতের প্রভাব সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(গ) আঞ্চলিক উপন্যাস হিসেবে 'কবি' কতখানি সার্থক ? এই উপন্যাসে ডোম সমাজের চিত্র কতটা প্রকাশ পেয়েছে ?

(ঘ) 'পল্লীসমাজ' উপন্যাস থেকে যে-কোনো তিনটি খল চরিত্র সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করে সংক্ষেপে আলোচনা করো।